দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 17 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৩

72

# ৫৬ সরকারী কলেজে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালু॥ অন্যান্য স্থানেও ব্যাপক সাড়া

শরিফুজ্জামান পিন্টু

একাদশ শ্রেণীতে দেশের ২শ' ৫২টি সরকারী কলেজের মধ্যে ৫৬টিতে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালুর পর তা অভূতপূর্ব সাড়া জাগিয়েছে। বাকি ১শ' ৯৬টি সরকারী কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের অধিকাংশই কম্পিউটার কোর্স চালুর ব্যাপারে আগ্রহ দেখাচ্ছেন। ইতোমধ্যে প্রায় অর্ধশত সরকারী কলেজ কোর্সটি চালুর জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের কাছে আবেদন জানিয়েছে। মাত্র ছয় থেকে সাড়ে ছয় লাখ টাকার মধ্যে প্রতিটি সরকারী কলেজে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালু করা সম্ভব। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জানা যায়, নির্বাচিত সরকারী কলেজে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালুকরণ ও শিক্ষক প্রশিক্ষণ শীর্ষক প্রকল্পের অধীনে প্রথমে ২৫টি এবং এ বছর ৩১টি সরকারী কলেজে কম্পিউটার বিজ্ঞান পড়ানো শুরুর পর শিক্ষার্থী ও শিক্ষকমহেল ব্যাপক সাড়া পড়েছে। এ ৫৬টি কলেজে একাদশ শ্রেণীতে প্রায় তিন হাজার শিক্ষার্থী কম্পিউটার বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষালাভের সুযোগ পাচ্ছে। সব ক'টি কলেজে কোর্সটি চালু করা সম্ভব হলে ১২ হাজারেরও বেশি শিক্ষার্থী এ সুযোগ লাভ করবে।

চলতি বছর থেকে কম্পিউটার কোর্স চালু করা ৩১টি সরকারী কলেজের প্রতিটিতে পাঁচটি হিসাবে মোট ১শ' ৫৫টি কম্পিউটার ক্রয়ে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে তিনবার টেন্ডার আহ্বান ও তা বাতিল করা হয়েছে। সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, টেন্ডারে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো ঠিকমতো কাগজপত্র জমা দিচ্ছে না। অনাকাঙ্ক্ষিত এ দীর্ঘসূত্রতার ফলে ৩১টি কলেজে কম্পিউটারের ব্যবহারিক শিক্ষা ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা দেখা দিয়েছে।

এদিকে যেসব কলেজ কম্পিউটার বিজ্ঞান কোর্স চালুর আগ্রহ দেখাচ্ছে সেসব কলেজে কোর্সটি চালুর ব্যাপারে প্রাথমিক চিন্তাভাবনা চলছে। দেশের মোট ২শ' ৫২টি সরকারী কলেজের ৫৬টিতে কোর্সটি চালুর পর বাকি আছে ১শ' ৯৬টি। দীর্ঘসূত্রতা এড়াতে এসব কলেজকে প্রকল্পভুক্ত না করে নগদ অর্থ প্রদানের প্রস্তাব উঠছে বিভিন্ন মহল থেকে। প্রতিটি কলেজে কোর্সটি চালুর জন্য ছয় থেকে সাড়ে ছয় লাখ টাকা প্রয়োজন। কলেজ কর্তৃপক্ষের কাছে এ টাকা হস্তান্তর করার দু'তিন মাসের মধ্যেই এটি চালু করা সম্ভব। অথচ প্রকল্পের অধীনে চালু করতে গেলে দীর্ঘ সময় প্রয়োজন। সংশ্লিষ্ট সূত্র জানায়, একটি সরকারী কলেজে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালু করতে গেলে পাঁচটি কম্পিউটার ও আনুষঙ্গিক সরঞ্জামাদি ক্রয়ে সর্বাধিক পাঁচ লাখ টাকা, ফার্নিচার ক্রয়ে ৬৮ হাজার টাকা, বইপত্র ক্রয়ে ৩০ হাজার টাকা ও দু'জন শিক্ষককে প্রশিক্ষণ দিতে ৩৬ হাজার টাকা খরচ হবে।

জানা যায়, ৫৬টি সরকারী কলেজে কম্পিউটার বিজ্ঞান কোর্স চালু করায় এসব কলেজের কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের বদলির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে। এসব কলেজের একজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক বদলি হলে সেখানে অন্য কলেজের প্রশিক্ষণবিহীন শিক্ষক আসছেন। সব ক'টি সরকারী কলেজে কোর্সটি চালু হলে এ সমস্যা এড়ানো সম্ভব বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের সংশ্লিষ্ট এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, যেসব সরকারী কলেজ একাদশ শ্রেণীতে কোর্সটি চালু করতে চায় সেগুলোকে আর্থিক সহযোগিতা দেয়া যেতে পারে।